



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জননিরাপত্তা বিভাগ
পুলিশ-৩ শাখা
www.mhapsd.gov.bd



নম্বর-৪৪.০০.০০০০.০৯৬.০১.০০৩.১৮-

তারিখ: ১৮ ফাল্গুন ১৪২৮
০৩ মার্চ ২০২২

প্রাপক: প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
স্বরাষ্ট্র মন্ত্রণালয়, এজিবি কমপ্লেক্স
সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়: কুমিল্লা জেলার নবগঠিত লালমাই থানার জন্য বিদ্যমান ২৫টি পদের অতিরিক্ত ২২টি পদ সৃজন ও ০৫টি যানবাহনের অতিরিক্ত ০৩টি যানবাহন টিওএন্ডইভুক্তকরণ।

জনাব,

নির্দেশিত হয়ে কুমিল্লা জেলার নবগঠিত লালমাই থানার জন্য বিদ্যমান ২৫টি পদের অতিরিক্ত ২২টি পদ সৃজন ও ০৫টি যানবাহনের অতিরিক্ত ০৩টি যানবাহন টিওএন্ডইভুক্তকরণে নিম্নবর্ণিত শর্তে সরকারি মঞ্জুরী জ্ঞাপন করছি:

পদের বিবরণ:

ক্র:	পদের নাম	বিদ্যমান পদসংখ্যা	বিদ্যমান পদের অতিরিক্ত সংখ্যা	মোট পদসংখ্যা
১.	ইন্সপেক্টর (নিরস্ত্র)	০১	০১	০২
২.	এস.আই (নিরস্ত্র)	০৩	০৩	০৬
৩.	এ.এস.আই (নিরস্ত্র)	০৩	০৩	০৬
৪.	কনস্টেবল	১৬	১৫	৩১
৫.	বাবুর্চি	০১ আউটসোর্সিং পদ	-	-
৬.	পরিচ্ছন্নতাকর্মী	০১ আউটসোর্সিং পদ	-	-
মোট=		২৫(পঁচিশ)টি	২২(বাইশ)টি	৪৫(পঁয়তাল্লিশ)টি (আউটসোর্সিং ব্যতীত)

যানবাহনের বিবরণ:

ক্র: নং	যানবাহনের নাম	বিদ্যমান যানবাহনের সংখ্যা	বিদ্যমান যানবাহনের অতিরিক্ত সংখ্যা	মোট যানবাহনের সংখ্যা
১.	পিকআপ	০১	০১	০২
২.	মোটর সাইকেল	০৪	০২	০৬
মোট =		০৫(পাঁচ)টি	০৩(তিন)টি	০৮(আট)টি

২। শর্তাবলি:

- সাংগঠনিক কাঠামোতে অনুমোদিত পদগুলো অন্তর্ভুক্ত করে টিওএন্ডই হালনাগাদ করতে হবে এবং হালনাগাদকৃত টিওএন্ডই এর কপি এ বিভাগে প্রেরণ করতে হবে;
- মন্ত্রিপরিষদ বিভাগের ০৩/০৫/২০০৩ তারিখের মপবি/কঃবিঃশাঃ/কপগ-১১/২০০১-১১১ নং সরকারি আদেশের নির্দেশনা অনুসরণ করতে হবে;
- জিও জারির তারিখ থেকে পদগুলো সৃজিত হবে;
- নতুন জনবল নিয়োগের পূর্বে টিওএন্ডইভুক্ত যানবাহন ক্রয় করা যাবে না;
- এ.এস.আই (নিরস্ত্র) পদ পুলিশ রেগুলেশন্স বেঞ্চাল, ১৯৪৩ অনুযায়ী পূরণযোগ্য;
- ইন্সপেক্টর ও এস.আই (নিরস্ত্র) পদ অর্থ বিভাগের ৩০/০৬/২০১৫ তারিখের ০৭.০০.০০০০.১৬১.৪৪.০০২.১৩.১৩৩ নম্বর স্মারকের শর্তানুযায়ী পূরণযোগ্য;
- কনস্টেবল পদে এস.এস.সি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ শারীরিক ফিটনেসধারী হতে হবে;
- এ বিষয়ে বিদ্যমান সকল বিধিবিধান ও আনুষ্ঠানিকতা যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- “আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবাগ্রহণ নীতিমালা” ২০১৮ অনুসারে বাবুর্চি ও পরিচ্ছন্নতাকর্মীর সেবা ক্রয়ে অর্থ বিভাগে প্রস্তাব প্রেরণ করতে হবে।

৩। বাংলাদেশে পুলিশের মোট পদের সংখ্যা (কনস্টেবল থেকে আইজিপি পর্যন্ত সিভিল পদসহ) ২,১২,৯৭৭জন এবং আলোচ্য ২২টি পদ সৃজন করা হলে মোট সংখ্যা হবে ২,১২,৯৯৯জন।

৪

চলমান পাতা-২

এতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০১/১০/২০২০ তারিখের ০৫.০০.০০০০.১৬১.১৫.০১১.১৮(অংশ-১)-১৪১, অর্থ বিভাগের ব্যয় ব্যবস্থাপনা বিভাগ, ব্যয় ব্যবস্থাপনা অধিশাখা-৫ এর ২২/১১/২০২০ তারিখের ০৭.১৫৫.০১৫.৪৪.০৩.০০৫.২০১৮-৪৩৭, অর্থ বিভাগের বাস্তবায়ন-১ শাখার ৩০/১১/২০২০ তারিখের ০৭.০০.০০০০.১৬১.৪৪.০০৭.১৬-১৬৩ নম্বর স্মারকে সম্মতি এবং প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির ১১/২০২১ তারিখে অনুষ্ঠিত ২০২১ সালের ১৪তম সভার সুপারিশ ও যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

আপনার বিশ্বস্ত,

স্বাঃ

মোঃ হারুন-অর-রশীদ
উপসচিব
ফোন: ৪৭১২৪৩৪৫
police3@mhapsd.gov.bd

নম্বর-৪৪.০০.০০০০.০৯৬.০১.০০৩.১৮-

তারিখ: ১৮ ফাল্গুন ১৪২৮
০৩ মার্চ ২০২২

অবগতি ও সরকারি আদেশটি পৃষ্ঠাঙ্কনপূর্বক প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়-কে অবহিত করার জন্য অর্থ বিভাগের সিনিয়র সহকারী সচিব, ব্যয় ব্যবস্থাপনা-৫ শাখা এর নিকট প্রেরণ করা হলো।

স্বাঃ

মোঃ হারুন-অর-রশীদ
উপসচিব

নং-৪৪.০০.০০০০.০৯৬.০১.০০৩.১৮-

তাং-

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা।
৩. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, এজিবি কমপ্লেক্স, সেগুনবাগিচা, ঢাকা।

সিনিয়র সহকারী সচিব
(ব্যয় ব্যবস্থাপনা-৫ শাখা)
অর্থ বিভাগ
অর্থ মন্ত্রণালয়

নম্বর-৪৪.০০.০০০০.০৯৬.০১.০০৩.১৮- ৬০

তারিখ: ১৮ ফাল্গুন ১৪২৮
০৩ মার্চ ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা।
৪. সহকারী প্রোগ্রামার, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

মোঃ হারুন-অর-রশীদ
উপসচিব